তারিখ 07 JUL 1987
পৃষ্ঠা ২ কলাম ১

22 শে আষাঢ় ১৩৯৪ বং

C53

# বর্তমান শিক্ষা ব্যবস্থা ঢেলে সাজানো হবে : শিক্ষামন্ত্রী

বরিশাল, ৬ই জুলাই (বাসস)।—শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলেছেন, বর্তমান শিক্ষা ব্যবস্থাকে দুর্নীতি, অনিয়ম ও দলীয় রাজনীতির অভিশাপ থেকে মুক্ত করার জন্য ঢেলে সাজানো হবে।

মন্ত্রী গতকাল বাকেরগঞ্জ উপজেলা সদর দফতরে এক জনসভায় বক্তৃতা করছিলেন। তিনি বলেন, গোটা জাতি শিক্ষা ব্যবস্থায় এমন একটা পরিবর্তনের জন্য অপেক্ষা করছে যা তার চাহিদার সঙ্গে মানানসই।

শিক্ষামন্ত্রী বলেন, স্থানীয় সকল জরাজীর্ণ, ক্ষতিগ্রস্ত ও প্রাচীন শিক্ষা প্রতিষ্ঠান পুনর্নির্মাণ, সংস্কার ও মেরামতের কাজ অগ্রাধিকার ভিত্তিতে হাতে নেয়া হবে।

সভায় অন্যান্যের মধ্যে জাতীয় পার্টির হুইপ জনাব বজলুল আমীন হাওলাদার বক্তৃতা করেন।